# যুক্তরাষ্ট্রে মাঝ আকাশে দুই যুদ্ধবিমানের সংঘর্ষ



মাঝ আকাশে দুই যুদ্ধবিমানের সংঘর্ষ। ছবি: সংগৃহীত

মাঝ আকাশে যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর দুটি যুদ্ধবিমানের সংঘর্ষ ঘটেছে একটি এয়ার শো চলাকালীন। এতে থাকা চারজন ক্রু সদস্য প্যারাস্যুটের মাধ্যমে নিরাপদে বেরিয়ে আসতে সক্ষম হন এবং সবাই এখন স্থিতিশীল অবস্থায় আছেন বলে জানিয়েছে সামরিক কর্তৃপক্ষ।

ঘটনাটি ঘটে রোববার আইডাহো অঙ্গরাজ্যের এলমোর কাউন্টির কাছে উন্টেন হোম এলাকার একটি বিমানঘাঁটির পাশে অনুষ্ঠিত 'গানফাইটার স্কাইজ' এয়ার শোর শেষ দিনে। আকাশে প্রদর্শনী চলার সময় ইএ-১৮জি গ্রোলার মডেলের দুটি যুদ্ধবিমান পরস্পরের সঙ্গে ধাক্কা খায়।

নৌবাহিনীর মুখপাত্র জানান, দুর্ঘটনার পরপরই পাইলটরা দ্রুত ইজেক্ট করেন এবং নিরাপদে মাটিতে অবতরণ করেন। তবে তারা কোনো গুরুতর আঘাত পেয়েছেন কি না, তা এখনো পুরোপুরি নিশ্চিত নয়।

LENS ASIA

সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, সংঘর্ষের পর দুটি বিমানে আগুন ধরে যায় এবং মুহূর্তের মধ্যেই তারা নিচের দিকে পড়ে যায়। এ পরিস্থিতির কারণে পুরো এয়ার শো স্থগিত করা হয় এবং সাময়িকভাবে ঘাঁটির কার্যক্রম নিয়ন্ত্রণে আনা হয়।

স্থানীয় আয়োজকরা জানান, দর্শকদের কেউ এতে হতাহত হননি। দুর্ঘটনার কারণ খতিয়ে দেখতে উচ্চপর্যায়ের তদন্ত শুরু হয়েছে।